

“ছেলে হোক, মেয়ে হোক
দু’টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
নোয়াখালী
fpo.noakhali.gov.bd

স্মারক নং- জেপপ/নোয়া/২০২৪/১০০(১৯)

তারিখ : ১৮ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ
০১ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ


বিষয় : জেলা জন্ম ও মৃত্যু নিবন্ধন টাঙ্কফোর্স কমিটির জানুয়ারি, ২০২৪ মাসের সভার গৃহীত সিদ্ধান্তসমূহের প্রেক্ষিতে পরিবার পরিকল্পনা বিভাগীয় কর্মকর্তা-কর্মচারীদের করণীয় বিষয়ক নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, নোয়াখালী জেলায় ডিসেম্বর, ২০২৩ মাসে জন্ম নিবন্ধনের হার ৩৮% এবং মৃত্যু নিবন্ধনের হার ৪২% সারা দেশের মধ্যে নোয়াখালী জেলার অবস্থান ৫৫তম। জেলায় শিশু জন্মের ০১ বছরের মধ্যে জন্ম নিবন্ধনের হার ১০০% এবং মৃত্যুর ০১ বছরের মধ্যে মৃত্যু নিবন্ধনের হার ৫০% অর্জনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এ কার্যক্রমের সফলতার লক্ষ্যে পরিবার পরিকল্পনা বিভাগ এবং স্বাস্থ্য বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের বিশেষ কৃষিকার্যার্থে নির্দেশনা রয়েছে। এ প্রেক্ষিতে জেলা জন্ম ও মৃত্যু নিবন্ধন টাঙ্কফোর্স কমিটির জানুয়ারি, ২০২৪ মাসের সভার গৃহীত সিদ্ধান্তসমূহের আলোকে পরিবার পরিকল্পনা বিভাগীয় কর্মকর্তা-কর্মচারীদের করণীয় বিষয়ক নির্দেশনা নিম্নে উল্লেখ করা হলো।

- ইউনিয়ন পর্যায়ে অনুষ্ঠিত পাক্ষিক সভা এবং মাসিক সভায় পরবর্তী মাসের ইডিডি (সম্ভাব্য এসব তারিখ) অনুযায়ী তারিখা প্রস্তুত করে এককপি তারিখা ইউনিয়ন পরিষদের সচিবের নিকট পরিবার পরিকল্পনা পরিদর্শকের মাধ্যমে প্রেরণ করতে হবে।
- পরিবার পরিকল্পনা বিভাগের নিয়ন্ত্রণাধীন সেবাকেন্দ্রসমূহে সংঘটিত এসব সেবার ক্ষেত্রে জন্মগ্রহণকারী শিশুর নাম, পিতা-মাতার নাম, ঠিকানা, শিশুর জন্ম তারিখ উল্লেখ করে একটি তারিখা প্রেরণ করে সংশ্লিষ্ট সেবা প্রদানকারী ইউপি সচিবের নিকট প্রেরণ করবেন।
- সরকারি/বেসরকারি অন্য কোন সেবাকেন্দ্রে অথবা বাড়িতে সংঘটিত এসব সেবার ক্ষেত্রে পরিবার কল্যাণ সহকারীগণ বাড়ি পরিদর্শনকালে, ইপিআই কেন্দ্রে, স্যাটেলাইট রিসনিকে, কমিউনিটি রিসনিকে সেবা প্রদানকালে প্রাপ্ত জন্ম ও মৃত্যুর তথ্য সংগৃহীত তারিখা প্রস্তুত করে পাক্ষিক/মাসিক সভায় পরিবার পরিকল্পনা পরিদর্শকের নিকট দাখিল করবেন। পরিবার পরিকল্পনা পরিদর্শক প্রাপ্ত তারিখাসমূহ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সচিবের নিকট প্রেরণ করবেন।
- ইতোপূর্বে প্রত্যেকটি ইউনিয়নে জন্ম, মৃত্যুর তথ্য সহজে অবহিতকরণের লক্ষ্যে একটি হোয়াটসঅ্যাপ গ্রুপ চালু করার জন্য অনুরোধ জানানো হয়েছিল। কোন কোন ইউনিয়নে এ উদ্যোগটি গ্রহণ করা হয়েছে যদি কোন ইউনিয়নে এখনো এ সংক্রান্ত হোয়াটসঅ্যাপ গ্রুপ চালু করা না হয়ে থাকে, পরিবার পরিকল্পনা পরিদর্শকগণ নিজ নিজ ইউনিয়নের ইউপি সচিবের সাথে সমন্বয়ের মাধ্যমে ইউনিয়নের একটি হোয়াটসঅ্যাপ গ্রুপ চালু করবেন। উক্ত গ্রুপে ইউপি চেয়ারম্যান, সচিব, ইউপি সদস্যগণ, পরিবার পরিকল্পনা বিভাগ, স্বাস্থ্য বিভাগ, কৃষি বিভাগ, সমাজসেবা বিভাগ এবং অন্যান্য গুরুত্বপূর্ণ দপ্তরের ইউনিয়ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের অন্তর্ভুক্ত করা যেতে পারে। যথা পর্যায়ের কার্যক্রম পরিচালনার জন্য জন্ম, মৃত্যু সংক্রান্ত যেদিন যে তথ্য পাওয়া যায়, তা গ্রুপে আপলোড করলে ইউপি সচিবগণ সহজেই অবগত হতে পারবেন।
- জন্মের ৪৫ দিনের মধ্যে বিনামূল্যে জন্ম নিবন্ধন করা হয়, এ বিষয়টি ব্যাপক প্রচারণার আওতায় নিয়ে আসতে হবে।
- পরিবার পরিকল্পনা বিভাগের উপজেলা স্ববহুাপকগণ প্রতি মাসের উপজেলা মাসিক সমন্বয় সভায় জন্ম, মৃত্যু নিবন্ধন সংক্রান্ত বিষয়কে বিশেষ এজেন্ডা হিসেবে রেখে ইউনিয়নভিত্তিক অগ্রগতি পর্যালোচনা করবেন।

নোয়াখালী জেলাধীন পরিবার পরিকল্পনা বিভাগীয় সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীসমূহকে বর্ণিত নির্দেশনাসমূহ প্রতিপালন নিশ্চিত করার লক্ষ্যে কার্যকর উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা / মেডিকেল
অফিসার (ক্রিনিক/এমসিএইচ-এফপি) (সকল)
উপজেলা, নোয়াখালী।


০১.০২.২৪
(ইকতেখার আহমেদ চৌধুরী)
উপপরিচালক
পরিবার পরিকল্পনা, নোয়াখালী
ফোন : ০১৭১২০৮০০১১

ই-মেইল : ddfp.noakhali@gmail.com

ছেলে হোক, মেয়ে হোক
দু’টি সন্তানই যথেষ্ট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
চাটখিল, নোয়াখালী।
www.fpo.chatkhil.noakhali.gov.bd

স্মারক নং: উপপ/চাট/নোয়া/২০২৪/৫৪

তারিখ: ০৬/০২/২০২৪ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- উপ-পরিচালক (পরিবার পরিকল্পনা), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, নোয়াখালী।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাটখিল, নোয়াখালী।
- উপজেলা নির্বাহী অফিসার, চাটখিল, নোয়াখালী।
- মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), চাটখিল, নোয়াখালী।
- চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), চাটখিল, নোয়াখালী।
- উপ-সহকারী কমিউনিটি মেডিকেল অফিসার (সকল)/পরিবার কল্যাণ পরিদর্শিকা (সকল)/পরিবার পরিকল্পনা পরিদর্শক (সকল)/পরিবার কল্যাণ সহকারী (সকল), চাটখিল, নোয়াখালী। পত্রের মর্মনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- অফিস কপি।

(মাহমুদুল হাসান)

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
চাটখিল, নোয়াখালী।

ফোন- ০২৩৩৪৪৯৫০০৩

Email- ufno.chatkhil@yahoo.com